



ইসলামিক ফাউন্ডেশন

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় সিদ্ধান্ত

পবিত্র রবিউস সানি মাসের চাঁদ দেখা গেছে

আগামী ২০ ডিসেম্বর থেকে পবিত্র রবিউস সানি মাস গণনা শুরু

৩০ ডিসেম্বর শনিবার সারাদেশে পবিত্র ফাতেহা-ই-ইয়াজদাহম উদযাপিত হবে

ঢাকা, মঙ্গলবার, ১৯ ডিসেম্বর ২০১৭ ॥

বাংলাদেশের আকাশে আজ ১৪৩৯ হিজরি সনের পবিত্র রবিউস সানি মাসের চাঁদ দেখা গেছে। ফলে আগামীকাল ২০ ডিসেম্বর ২০১৭ খ্রি. বুধবার থেকে পবিত্র রবিউস সানি মাস গণনা শুরু হবে। প্রেক্ষিতে, আগামী ১১ রবিউস সানি ১৪৩৯ হিজরী, ১৬ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ, ৩০ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ শনিবার সারাদেশে পবিত্র ফাতেহা-ই-ইয়াজদাহম উদযাপিত হবে।

আজ সন্ধ্যায় ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররম সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। এতে সভাপতিত্ব করেন ধর্মসচিব মোঃ আনিছুর রহমান।

সভায় মন্ত্রি পরিষদ বিভাগের যুগ্ম-সচিব মোঃ সাইদুর রহমান, ধর্ম মন্ত্রনালয়ের যুগ্ম সচিব এ বি এম আমিন উল্লাহ নুরী, তথ্য মন্ত্রনালয়ের যুগ্ম-সচিব (প্রেস) মোঃ মিজান-উল-আলম, সিনিয়র তথ্য কর্মকর্তা মোহাম্মদ আলী সরকার, ওয়াকফ উপ-প্রশাসক দেওয়ান মোঃ আব্দুস সামাদ, বাংলাদেশ টেলিভিশনের পরিচালক (প্রশাসন) মোঃ শাখাওয়াত হোসেন, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ আবদুর রহমান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠানের এস এস ও আবদুল্লাহ ইউসুফ ইমাম, চকবাজার শাহী জামে মসজিদের খতীব মাওলানা শেখ নাঈম রেজওয়ান, লালবাগ শাহী জামে মসজিদের খতীব আবু রায়হান প্রমুখ উপস্থিত ছিলেন।

সভায় ১৪৩৯ হিজরি সনের পবিত্র রবিউস সানি মাসের চাঁদ দেখা সম্পর্কে সকল জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশন-এর প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য নিয়ে পর্যালোচনা করে দেখা যায় যে, অদ্য ২৯ রবিউল আউয়াল ১৪৩৯ হিজরি, ৫ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ, ১৯ ডিসেম্বর ২০১৭ খ্রি. মঙ্গলবার সন্ধ্যায় বাংলাদেশের আকাশে পবিত্র রবিউস সানি মাসের চাঁদ দেখা গেছে। ফলে আগামী ৬ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ, ২০ ডিসেম্বর ২০১৭ খ্রি. বুধবার থেকে পবিত্র রবিউস সানি মাস গণনা শুরু হবে। প্রেক্ষিতে, আগামী ১১ রবিউস সানি ১৪৩৯ হিজরী, ১৬ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ, ৩০ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ শনিবার সারাদেশে পবিত্র ফাতেহা-ই-ইয়াজদাহম উদযাপিত হবে।

(শায়লা শারমীন)

সহকারি জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬